পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং: ১৭৮০/শা-২(ক)/প.

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২১ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ১ম, ২য় ও ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স **১ম ও ২য় বর্ষ মানোন্নয়ন** এবং **৩য় বর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন** পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের ডাটা এন্ট্রি ও আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো:

১। **শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণ, কলেজ কর্তৃক ভেরিফিকেশন, বিবরণী ফরম জমা দেওয়ার তারিখ:**

ক। শিক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরমপূরণের তারিখ: **১৪/০৫/২০২৬ হতে ০৮/০৬/২০২৬ পর্যন্ত।**

খ। কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফ্‌টের শেষ তারিখ: **১০/০৬/২০২৬**

**১ম ও ২য় বর্ষে মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

| ক্র.নং | পরীক্ষার্থীদের ফি- এর বিবরণ | ফি এর পরিমাণ |
|---|---|---|
| ০১ | মানোন্নয়ন | (৩০০/- বিশেষ অন্তর্ভুক্তি ফি) + ১০০/- হারে (প্রতি পত্র) |
| ০২ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে। | ৭৫০/-( ১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) |

**৩য় বর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

| ক্র.নং | পরীক্ষার্থীর ফি- এর বিবরণ | ফি এর পরিমাণ |
|---|---|---|
| ০১ | ৩য় বর্ষ (৭০০ নম্বর) অনিয়মিত | ১২৫০/- (৭০০/- ফি + মার্কসিট ৪৫০/- + ইন-কোর্স ফি ১০০/-) এবং ব্যবহারিক ফি প্রতি বিষয়ে ১৫০/- হারে (প্রযোজ্য ক্ষেত্রে) |
| ০২ | সার্টিফিকেট কোর্স | ৬৫০/- (প্রতি পত্রে ১০০/- হারে + ইন-কোর্স ১০০/- + মার্কসিট ৪৫০/-) |
| ০৩ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী)- কলেজে জমা হবে | ৭৫০/- (১। কলেজের অংশ-৩০০/- ২। কেন্দ্রের অংশ-৪৫০/-) |
| ০৪ | ব্যবহারিক কেন্দ্র ফি | ১০০/- (প্রতি বিষয়ে) (কলেজের অংশ) |
| ০৫ | মানোন্নয়ন | ৩০০/- (বিশেষ অন্তর্ভুক্তি ফি) + ১০০/- হারে (প্রতি পত্রে) |

*** পরীক্ষার ফলাফল যথাসময়ে প্রকাশের স্বার্থে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরমপূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরমপূরণের কোন প্রকার সুযোগ নাই।

## নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরমপূরণ সম্পন্ন করতে হবে:

১। অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে সাবমিট করে অনলাইন থেকে একটি আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই কলেজ কর্তৃক ভেরিফাই করার পূর্ব পর্যন্ত সংশোধন করতে পারবে এবং সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) প্রিন্টকৃত ফরমে শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৭-০৬-২০২৬** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরম পূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী **(১ম ও ২য় বর্ষের মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য)**:

i. ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ইতোমধ্যে ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিন্তু **১ম** বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে অনুপস্থিত কোর্স এবং F গ্রেড প্রাপ্ত কোর্স রয়েছে তারা শুধুমাত্র অনুপস্থিত কোর্স এবং F গ্রেড প্রাপ্ত কোর্সসমূহে ২০২১ সালের এ পরীক্ষায় মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**i.** ২০১৬-১৭ শিক্ষাবর্ষের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থীদের ১ম ও ২য় বর্ষের নির্ধারিত **১ম ও ২য়** পত্রের পরীক্ষায় **অনুপস্থিত** এবং **F গ্রেড প্রাপ্ত কোর্স** রয়েছে তারা শুধুমাত্র **অনুপস্থিত** কোর্স সমূহে এবং **F গ্রেড** প্রাপ্ত কোর্স সমূহে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

৩। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী **(৩য় বর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য)**:

i) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৭ সনের রেজিস্ট্রশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৮, ২০১৯ ও ২০২০ সনের ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এছাড়াও সে সকল শিক্ষার্থী **২য় বর্ষে সকল পত্রে উপস্থিত হয়ে কমপক্ষে ৩টি তত্ত্বীয় পত্রে D বা তার বেশি গ্রেড পেয়েছে (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে)** তারাও আলোচ্য ২০২১ সনের ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

ii) উপরোক্ত শিক্ষার্থীদেরকে ৩য় বর্ষে "ইংরেজি" আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ii) ২০১৬-১৭ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল ছাত্র/ছাত্রী ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে ২০২১ সনের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে মানোন্নয়ন শিক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন। এ ছাড়াও ২০২০ সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ সমন্বিত বিশেষ পরীক্ষায় যারা অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০২১ সনের সনের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। **এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

সার্টিফিকেট কোর্স পরীক্ষার্থীদের জন্য (২০০ নম্বর)

i) ২০১৫-১৬, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা যারা সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ তারা সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষের নির্ধারিত ৫ম ও ৬ষ্ঠ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য

ডিগ্রি পাস ৩য় বর্ষ পরীক্ষায় যারা ইতোমধ্যে অংশগ্রহণ করেছে তাদের মধ্যে আলোচ্য পরীক্ষায় (অর্থাৎ ২০২১ সনের ডিগ্রি পাস ১ম, ২য় ও ৩য় বর্ষ) যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে (শিক্ষাবর্ষ:২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬) সেক্ষেত্রে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা প্রদান সাপেক্ষে উক্ত পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য ও অনুপস্থিত কোর্স/কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

৪। কলেজের জন্য করণীয়:

অনলাইনে আবেদন ফরম পূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী **২০২১ ১ম, ২য় ও ৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স** পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী (পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী) পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

৫। ফি জমাদানের পদ্ধতি:

২০২১ সালের ১ম, ২য় ও ৩য় বর্ষ ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৭৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-33011288 (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

৬। ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

সকল পরীক্ষার্থীদের (অনিয়মিত, মানোন্নয়ন) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ একটি ইন-কোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে এন্ট্রি দিয়ে ভেরিফাই করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক ভেরিফাই করার শেষ তারিখের পর অনলাইন থেকে ইসকোর্স নম্বরের তালিকা ডাউনলোড করে বিভাগীয় প্রধান এবং কলেজ অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর এক কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও দুই কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী) 12 MAY 2026
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
E-mail: examcontrollera7c@du.ac.bd

12.05.2026